# নির্জন

কে ডাকে ? কে ডেকে যায় ক্রমাগত রাত্রির ভেতর ?
কে প্রথম তাকে বলল, ভালবাসা স্বচ্ছতোয়া নদী ?
কে দেখাল কৃষ্ণচূড়া বিকেলের মেঘ প্রেক্ষাপটে ?
দিগন্ত রেখার কাছে উঠে আসা অলৌকিক চাঁদ ?

এই সব কিছু আর নির্জনতা তার অভিশাপ !
বালতিতে জল টেনে, হাতে নিয়ে চাষার লাঙল
যূথচারী হতে চেয়ে ব্যর্থ তার আভূমি প্রয়াস
বুকে যার সৎ দুঃখ ---অনির্বাণ হোমাগ্নির শিখা।

কে পাঠালো তাকে এই আজন্মের গূঢ় নির্বাসনে?
ধর্মের মুখোশ খুলে দেখা দিচ্ছে ভাঙাচোরা মুখ
এক সহস্রাব্দ আগে বলে গেছে বাংলার বাল্মিকী---
"টিলার উপরে ঘর, প্রতিবেশী থাকে না কবির।"

রাজা ভট্টাচার্য

সৃষ্টিসন্ধান